

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর।

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ন বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্ম পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক
নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিকেবি, শেরপুর মুখ্য অঞ্চল এর নৈতিকতা কমিটির সভা ২৮.০৩.২০২১ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব সুভাষ চন্দ্র সাহা এর সভাপতিত্বে মুখ্য আঞ্চলিক কার্যালয় শেরপুর এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

(ক) জনাব সুভাষ চন্দ্র সাহা, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর	সভাপতি
(খ) জনাব মোহাম্মদ সুলতান উদ্দিন, ব্যবস্থাপক(উঃমুঃকঃ), শেরপুর শাখা, শেরপুর	সদস্য
(গ) জনাব জামিল ইমতিয়াজ, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর	সদস্য
(ঘ) জনাব রোজিনা তাসমিন, মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর	সদস্য
(ঙ) জনাব মোঃ নাজমুল হক, কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর	সদস্য সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

০২। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। তিনি আরো মনে করেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সমন্বয়পযোগী পদক্ষেপ গ্রহন অতিব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। মুখ্য আঞ্চলিক কার্যালয় শেরপুর এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

- ০১) অত্র অঞ্চলের সকল কর্মকর্তা কর্মচারী কর্মপরিসরে শুদ্ধাচার চর্চা করবেন, পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করবেন।
- ০২) সৃষ্ট আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরনে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথ ভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরনে যথাযথ ভাবে ব্যবস্থা গ্রহন করতে হবে।
- ০৩) দর্শনীয় স্থানে অভিযোগ বাস্তব অবিলম্বে স্থাপন করতে হবে।
- ০৪) খেলাপি ঋন সংস্কৃতি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋন আদায়ে সচেষ্ট হতে হবে। বিআরপিডি-৫ এর অধিনে ঋনসমূহের কিস্তি আদায়ের জন্য ঋন গৃহীতার সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে এবং করোনা প্যাকেজ সতভাগ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে।
- ০৫) সত্যতার সাথে সকলকে মানিলভারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদ বিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।
- ০৬) বিকেবি আচরন বিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
- ০৭) গ্রাহকদের দ্রুততার সাথে সর্বশ্রেষ্ঠ সেবা প্রদানে সচেষ্ট হতে হবে।
- ০৮) প্রকাশ্যে কৃষি ঋণ বিতরণের জন্য যথাযথ ব্যবস্থা করতে হবে।

সভাপতি মহোদয় সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করবেন।

স্বাক্ষরিত প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর	স্বাক্ষরিত নৈতিকতা কমিটির সদস্য সচিবের স্বাক্ষর (১)	স্বাক্ষরিত নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (২)	স্বাক্ষরিত নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (৩)	স্বাক্ষরিত নৈতিকতা কমিটির সভাপতির স্বাক্ষর
---	---	--	--	--

স্মারক নং- মুআকা(শের)প্রশাসন (বিবিধ-১(৪২)/২০২০-২০২১/ ২৩১৮(৪)

তারিখঃ- ২৮/০৩/২০২১ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরন করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, শেরপুর, মুখ্য অঞ্চল।
- ০৪। নথি/মহানথি।

সদস্য সচিব

(ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি)